গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
www.ullapara.siragaj.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮৯৪.০০৩.০১.০০১.১৫- ৬৩ তারিখ ঃ ১৪ /০১/২০১৫ খ্রিঃ।

## হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগের নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১ সেপ্টেম্বর,২০১১ এর মাধ্যমে প্রাপ্ত সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত সর্বশেষ নীতিমালার আলোকে উল্লাপাড়া উপজেলার ভৌগোলিক সীমার মধ্যে অবস্থিত এবং উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন নিম্ন বর্নিত হাট বাজার সমূহ বাংলা ১৪২২ সালের জন্য ১ বছর মেয়াদী ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহনে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে বর্ণিত শর্তাবলীর ভিত্তিতে প্রতিটি হাটের জন্য সীলমোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, দরপত্র দাখিলের পূর্ব দিন অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র ফরম জেলা প্রশাসক, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার(ভূমি), উল্লাপাড়া, অফিসার-ইন-চার্জ, উল্লাপাড়া মডেল থানা, সোনালী ব্যাংক, উল্লাপাড়া শাখা এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখে দুপুর ১-০০ মিঃ পর্যন্ত জেলা প্রশাসক, সিরাজগঞ্জ, পুলিশ সুপার, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার(ভূমি),উল্লাপাড়া এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহন করা হবে এবং ঐ দিন বিকাল ৩-০০ মিঃ নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্রদাতাগনের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে।

| ক্রঃনং | হাট বাজারের নাম | ইউপির নাম | দরপত্র মূল্য অফেরতযোগ্য | বিগত ৩ বছরের গড় ইজারা মূল্য | দরপত্র দাখিলের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম বার | ২য় বার | ৩য় বার |
| | | | | | ০৪/০২/২০১৫ | ০৩/০৩/২০১৫ | ২৪/০৩/১৫ |
| ১ | অনুখা | রামকৃষ্ণপুর | ১০০০ | ১১৭৯০৭ | | | |
| ২ | প্রতাপ | বাঙ্গালা | ১২০০ | ২৫৩১৬৭ | | | |
| ৩ | ধরইল | বাঙ্গালা | ১০০০ | ১২৪৭০০ | | | |
| ৪ | কুচিয়ামারা | বাঙ্গালা | ৫০০ | ৪৩৭০০ | | | |
| ৫ | বিনায়েকপুর | বাঙ্গালা | ১০০০ | ১১০০৩৯ | | | |
| ৬ | মোড়দহকুড়াগাছা | বাঙ্গালা | ৫০০ | ৫০০ | | | |
| ৭ | উধুনিয়া | উধুনিয়া | ১০০০ | ১৪৭২০০ | | | |
| ৮ | মোহনপুর দহকুলা | মোহনপুর | ৩৬০০ | ১৪৭১১১৭ | | | |
| ৯ | রাজমান | দূর্গানগর | ১০০০ | ১২২৩০৭ | | | |
| ১০ | বালশাবাড়ী | দূর্গানগর | ১৪০০ | ৩২৪২০১ | | | |
| ১১ | গয়হাট্টা | পূর্নিমাগাতী | ১৬০০ | ৪৪০২৫০ | | | |
| ১২ | পুঠিয়া | পূর্নিমাগাতী | ৫০০ | ৫৯৩৩৪ | | | |
| ১৩ | চৌবিলা | সলঙ্গা | ৫০০ | ৬৬৭০০ | | | |
| ১৪ | হাটিকুমরুল | হাটিকুমরুল | ৫০০ | ২৪৬৬৭ | | | |
| ১৫ | হাটিঃ নিউ টাউন | হাটিকুমরুল | ৪৬০০ | ২০০০০০০ | | | |
| ১৬ | পাচিলা | হাটিকুমরুল | ২৮০০ | ১০২২০০২ | | | |
| ১৭ | বড়হর | বড়হর | ৪৪০০ | ১৮৮৩৩৩৪ | | | |
| ১৮ | বোয়ালিয়া | বড়হর | ২২০০০ | ১০৬৮৭৩৩৩ | | | |
| ১৯ | পূর্বদেলুয়া | বড়হর | ৫০০ | ১৬৭৩৪ | | | |
| ২০ | বেতকান্দি | পঞ্চক্রোশী | ৫০০ | ১৫০৩৪ | | | |
| ২১ | বন্যাকান্দি | পঞ্চক্রোশী | ৫০০ | ৩২১৩৪ | | | |
| ২২ | শাহজাহানপুর | পঞ্চক্রোশী | ৫০০ | ১৫৫৩৪ | | | |
| ২৩ | নলসোন্দা | সলপ | ৫০০ | ৩৪০০ | | | |
| ২৪ | জনতারহাট | সলপ | ৪৮০০ | ২০৩৫০০০ | | | |
| ২৫ | কৃষকগঞ্জ | সলপ | ১০০০ | ১৫৮৬৭৩ | | | |
| ২৬ | কয়ড়া | কয়ড়া | ৩২০০ | ১২৮০৪৫১ | | | |

১ম বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ০৩/০৩/২০১৫ তারিখে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গন্য করতে হবে। ২য় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ২৪/০৩/২০১৫ তারিখে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গন্য করতে হবে। বিস্তারিত তথ্যাদি নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা যাবে।


( মোহাম্মদ শামীম আলম)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
ফোন ঃ০৭৫২৯-৫৬১২৫
E-mail:unoullahpara@mopa.gov.bd

১। বাংলা ১৪২২ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ০১(এক) বছর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুণরায় দরপত্র আহ্বান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

( মোহাম্মদ শামীম আলম)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
ফোন ঃ ০৭৫২৯-৫৬১২৫
E-mail:unoullahpara@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮৯৪.০০৩.০১.০০১.১৫- ৬৩ তারিখ ঃ ১৪ /০১/২০১৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫- সিরাজগঞ্জ-৪।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ,রাজশাহী।
০৪। মহাপরিচালক, সিপিটিইউ,আইএমইডি, পরিকল্পনা মন্ত্রনালয়,ব্লক-১২(২য় তলা), শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
০৫। জেলা প্রশাসক,সিরাজগঞ্জ।
০৬। পুলিশ সুপার,সিরাজগঞ্জ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), সিরাজগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী অফিসার,..............................(সকল),সিরাজগঞ্জ।
১১। মেয়র, উল্লাপাড়া পৌরসভা,সিরাজগঞ্জ।
১২। সহকারী কমিশনার(ভূমি),উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
১৩। অফিসার ইন চার্জ, উল্লাপাড়া মডেল থানা/সলঙ্গা থানা/হাটিকুমরুল হাইওয়ে থানা, সিরাজগঞ্জ।
১৪। উপজেলা ........................... কর্মকর্তা,উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
১৫। চেয়ারম্যান,.................................... ইউপি(সকল), উল্লাপাড়া,সিরাজগঞ্জ। তাঁকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস,...................................(সকল),উল্লাপাড়া,সিরাজগঞ্জ। তাকে ঢোল শহরত দ্বারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭। সচিব,........................ ইউপি(সকল),উল্লাপাড়া,সিরাজগঞ্জ। তাকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮। জনাব মহসিন দুলাল, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ,উল্লাপাড়া,সিরাজগঞ্জ। তাকে [redacted] বিজ্ঞপ্তিটি উল্লাপাড়া উপজেলা পোর্টালে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১৯। জনাব........................ ইজারাদার, বাংলা ১৪২১ সাল.............................. হাট-বাজার।
২০। নোটিশবোর্ড/অফিস কপি।

( মোহাম্মদ শামীম আলম)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
ফোন ঃ ০৭৫২৯-৫৬১২৫
E-mail:unoullahpara@mopa.gov.bd